দৈনিক ইত্তেফাক
তারিখ ... 28 JAN 1997 ...
পৃঃ 2 কলাম ... 6 ...

০৪

# মেডিকেল কলেজে মাইগ্রেশন বন্ধ

মাইনুল হাসান ।। বর্তমান শিক্ষা-বর্ষ হইতে মেডিকেল কলেজসমূহে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের শিক্ষাকালীন সময়ে এক কলেজ হইতে অন্য কলেজে অভিপ্রায়ণ (মাইগ্রেশন)

(১১শ পৃ: ৭-এর ক: দ্র:)

## মেডিকেল কলেজ

(১মপৃ: পর)

সম্পূর্ণ বন্ধ থাকিবে। স্বাস্থ্য অধিদপ্তর এ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। ১৯৯২-৯৩ সনের পূর্ব পর্যন্ত অটো মাইগ্রেশনের অধীনে ১মবর্ষ ব্যতীত অন্যান্য বর্ষে যেকোন সময় মাইগ্রেশন করা যাইত। পরে ঐ নিয়ম বাতিল হয়। এতদিন নূতন মেডিকেল কলেজ হইতে অন্য নূতন কলেজে মাইগ্রেশন করার নিয়ম প্রচলিত ছিল। এছাড়া প্রভাবশালী ব্যক্তিদের ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের আত্মীয়-স্বজন এবং ছাত্রনেতারা যখন তখন মাইগ্রেশনের সুযোগ পাইতেন। নত এ নির্দেশ জারির ফলে ঐ সুযোগ বাতিল হইয়াছে। তবে নির্দেশে বলা হয় যে, অপেক্ষমান তালিকা হইতে শূন্যস্থান পূরণের পূর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের তাহাদের মেধা ও পছন্দ অনুযায়ী কলেজ পরিবর্তনের সুযোগ দেওয়া হইবে। ইহা কেন্দ্রীয় ভাবে করা হইবে। নূতন নির্দেশকে স্বাগত জানাইয়া একজন কলেজ অধ্যক্ষ জানান ইহার ফলে তাহাদের উপর অহেতুক চাপ বন্ধ হইবে।